দৈনিক খবর

তারিখ 22 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

**১৭ জন প্রহৃত**

# ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিবির খেদা অভিযান

।।স্টাফ রিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ক্যাম্পাস থেকে শিবির নিধন অভিযান শুরু করেছে। গতকালও ১৭ জন শিবির সমর্থককে বিক্ষুব্ধ ছাত্ররা মারধর করে ক্যাম্পাস থেকে ঘৃণাভরে বের করে দিয়েছে।

জানা যায়, সকাল ১১টার দিকে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র সিরাজকে শিক্ষক লাউঞ্জের সামনে একদল ছাত্র প্রহার করে। পরে তাকে পুলিশ উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যায়।

প্রায় একই সময়ে কুদ্দুস মিয়া ও তারিক নামে আরো দু'জন ছাত্র কলাভবনের আশপাশের এলাকায় প্রহৃত হয়েছে।

এদিকে বিভিন্ন হল থেকে ছাত্র শিবির কর্মীদের গত সোমবার দিবাগত রাতে বের করে দেয়া হয়েছে। মোহসীন হল থেকে ছাত্রদলের কর্মীরা আক্কাস, মাহবুবুল হক ও আমীরুল ইসলাম নামে তিনজনকে এবং এসএম হল থেকে মবিনুল ইসলাম ও সাদেক নামের অপর দুই জনকে মারধরের পর সোমবার দিবাগত রাত আড়াইটার দিকে বের করে দেয়াহয়।

দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবনের চারতলা পরীক্ষার হলে ৬ জন শিবির সমর্থককে অপদস্থ করা হয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা শিবির সমর্থকদের পাঞ্জাবী ছিঁড়ে দিয়েছে এবং তাদের দিকে থুথু নিক্ষেপ করেছে। পরীক্ষার হলে আটকে পড়লে পুলিশ তাদের উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যায়। সকাল ১১টা পাঁচ মিনিটের সময় জহিরউদ্দিন বাবর নামের আরো একজন শিবির কর্মীকে লেকচার থিয়েটার ভবনের কাছে মারধর করা হয়। মোট ১৭ জন শিবির কর্মীকে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা থেকে বিক্ষুব্ধ ছাত্ররা ঘৃণাভরে বের করে দিয়েছে। তাদের অনেকেই বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীনরয়েছে।